



দৈনিক  
**কালবেলা**  
ঐর্ধীর পত্রিক্ে

কালবেলা, ০৫-০৮-২০২৩, অনলাইন

অবাধ তথ্যপ্রবাহে কোনো বাধা সৃষ্টি করে না সরকার : তথ্যমন্ত্রী



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সম্মেলনে তথ্যমন্ত্রী। ছবি : সংগৃহীত

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, দেশে অবাধ ও স্বাধীন তথ্যপ্রবাহে সরকার কোনো ধরনের বাধা সৃষ্টি করে না। কিন্তু গণমাধ্যম কতটা দায়িত্বশীল আচরণ করে তা প্রশ্নসাপেক্ষ।

শুক্রবার (৪ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটরিয়ামে 'ইনফরমেশন অ্যান্ড নলেজ ম্যানেজম্যান্ট' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের প্রধান অধিবেশনে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ইনফরমেশন স্টাডিজ বিভাগ এই সম্মেলনের আয়োজন করে। তিন দিনব্যাপী এই সম্মেলনে বাংলাদেশসহ ১১টি দেশের প্রায় ৩০০ জন অংশগ্রহণ করেন।

সম্মেলনে তথ্যমন্ত্রী সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সতর্ক থাকার আহ্বান জানান।

মন্ত্রী বলেন, এসব মাধ্যমে প্রচুর গুজব ও ভুয়া খবর ছড়ানো হয়। তাই কোনটা সত্য সেটা বের করার জন্য জনসাধারণের 'মিডিয়া ও ইনফরমেশন লিটারেসি' দরকার।

অধিবেশনে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটির অধ্যাপক, গিলিয়ান অলিভার।

এ ছাড়া স্বাগত বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপারসন, ড. দিলারা বেগম।